গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৩/১০/২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি জুম প্লাটফরমে সংযুক্ত সকল কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী ত্বরান্বিত করা এবং চলমান প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক স্বচ্ছতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালক, সংস্থা প্রধানসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি ২০২২-২৩ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ১২টি প্রকল্পের কর্মপরিকল্পনার আর্থিক লক্ষ্যমাত্রা ও ভৌত অগ্রগতির বাস্তব অর্জন; প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ এবং তা থেকে উত্তরণের এবং এর সম্ভাব্য সমাধানকল্পে প্রকল্প সংশ্লিষ্ট সকলের মতামত উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে অনুরোধ করেন।

০২। সভায় জানানো হয় যে, গত ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে এবং কার্যবিবরণীতে কোন পর্যবেক্ষণ বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১২টি প্রকল্পের অনুকূলে ১৫৮৪.৩৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে যার মধ্যে জিওবি অর্থের পরিমাণ ১৫৭০.৫০ কোটি টাকা এবং প্রকল্প সহায়তা ১৩.৮৩ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থ হতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ৩২৭.৬২ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে, যা বরাদ্দের ২০.৬৮%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৫.২০ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ৪.৭৪% এবং অবমুক্তকৃত অর্থের ২৫.৯৫%। সভাপতি চলতি অর্থ বছরে ক্যাটাগরী ভিত্তিক প্রকল্পসমূহের অনুকূলে এডিপি বরাদ্দের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং এডিপি বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

০৪। এ পর্যায়ে সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি'তে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ০২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২০০.৯২ কোটি টাকা এবং সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ৪৩.৭৩ কোটি টাকা যা বরাদ্দের ২১.৭৬%। প্রকল্পের অনুকূলে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ২২.৪৯ কোটি টাকা যা বরাদ্দের ১২.৮৫%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০২টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৫৪০.২০ কোটি টাকা। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে ১৩২.৫৩ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৫৩%। প্রকল্প দুটির অনুকূলে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৫.৩২ কোটি টাকা যা বরাদ্দের ১১.৫৬%। কারা অধিদপ্তরের ০৮টি প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৮৪৩.২১ কোটি টাকা। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ১৫১.৩৬ কোটি টাকা যা বরাদ্দের ১৭.৯৫%। ০৮টি প্রকল্পের অনুকূলে সেপ্টেম্বর,২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৭.৩৯ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৭০%।

০৫। **<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>**

**(ক) <u>১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:</u>**

<u>আলোচনাঃ</u>

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে ৬১৭.১৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৪৬৮.১৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৫% এবং ভৌত অগ্রগতি ৭৮%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৭৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ৪৩.৭৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৯৯%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২২.৪৯ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১২.৮৫%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর, ২০২২ মাসে তিনি গাজীপুর জেলার কোনাবাড়ি ও রাজেন্দ্রপুর মর্ডাণ ফায়ার স্টেশন এবং নারায়ণগঞ্জ জেলার কাঁচপুর ব্রীজ ও শিবু মার্কেট (ফতুল্লা) মর্ডান ফায়ার স্টেশনের পরিদর্শন করেছেন। গাজীপুর জেলার রাজেন্দ্রপুর চৌরাস্তা ও কোনাবাড়ি মর্ডান ফায়ার স্টেশনের নির্মাণ কাজ প্রদেয় কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। তিনি বলেন, ৪টি মডার্ন ফায়ার স্টেশনের পূর্ত কাজ সমাপ্ত হয়েছে এবং ৬টি মর্ডান ফায়ার স্টেশনের কাজ চলমান রয়েছে। ০৬টি স্টেশনের মধ্যে কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জ (৭৭%), কর্ণফুলী, চট্টগ্রাম (৭৯%), কোনাবাড়ী, গাজীপুর (৪০%), রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর (৭৩%), শিবুমার্কেট (ফতুল্লা), নারায়ণগঞ্জ (১৮%), কালুরঘাট, চট্টগ্রাম (১২%) কাজ শেষ হয়েছে। রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র মডার্ণ থেকে ২৪/০৮/২০২২ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে। গত ০৮/০৯/২০২২ তারিখ হতে নির্মাণ কাজ শুরু করা হয়েছে। রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনার নির্মাণ কাজের অগ্রগতি ৩%। এ প্রকল্পের ২৩টি প্যাকেজের ৪০ প্রকার অগ্নি নির্বাপক সরঞ্জামাদি সংগ্রহের নিমিত্ত দরপত্র উন্মুক্ত করা হয় ২৯/০৯/২০২২ তারিখে। সভাপতি এ প্রকল্পের বাস্তবায়নের নিমিত্ত টার্গেট নির্ধারণ করে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) সময়াবদ্ধ(Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ীঅগ্রগতি অর্জন করতে হবেএবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকেনিবিড়ভাবে তদারকি করতে হবে;
(খ) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন।

## (খ) Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প:

### আলোচনাঃ

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে,বৈদেশিক কারিগরি সহায়তায় প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে ৮০.৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে।এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৪৮.১৭ কোটি টাকা। এ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.৭৫% এবং ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'সি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ২৫.৯২ কোটি টাকা এবংপ্রকল্পটি 'সি' ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থ ছাড় করা সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক বলেন, দক্ষিণ কোরিয়া হতে প্রেরিত ইলেকট্রিক সরঞ্জাম কোরিয়ান টিমের (KOICA) এর তত্বাবধায়নে স্থাপনের কাজ চলছে যা অক্টোবর/২০২২ মাসের মধ্যে শেষ হবে। তিনি আরো উল্লেখ করেন যে, উপকরণ পরিচালনার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যেগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কোরিয়াতে ৫ জন কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সভাপতি প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি প্রয়োজনীয় জনবল পদায়ন/প্রশিক্ষণের বিষয় নিশ্চিতকরণের জন্য মহাপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কে অনুরোধ জানান।

### সিদ্ধান্ত:

(ক) দক্ষিণ কোরিয়া থেকে আনীত সরঞ্জামাদি দ্রুত ও যথাযথভাবে স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) স্থাপিত উপকরণ সার্বিকভাবে ব্যবহারের জন্য অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

## (গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৬) | বর্তমানে ফায়ার স্টেশন স্থাপন নীতিমালা অনুযায়ী জমির পরিমাণ বৃদ্ধি ও স্টেশন ভবনের নকশা সংশোধন হওয়ার কারণে পুনরায় অধিদপ্তর সংশ্লিষ্ট ডিপিপি'র অংশ প্রস্তুত করে পূর্ণাঙ্গা ডিপিপি প্রণয়নের জন্য গত ০৪/১০/২০২২ তারিখে গণপূ্র্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি প্রণয়ণের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ২. | দেশের গুরুত্বপূর্ণ ৫০ টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প ( মার্চ ২০২২ হতে জুন ২০২৪) | অধিদপ্তর সংশ্লিষ্ট ডিপিপি'র অংশ প্রস্তুত করে পূর্ণাঙ্গা ডিপিপি প্রণয়নের জন্য গত ০৭/০৯/২০২২ তারিখে গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। আগামী নভেম্বর, ২০২২ এর মধ্যে ডিপিপি প্রণয়ন কাজ সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০৬টি বহুতল আবাসিক ভবন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ২১/১২/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের যাচাই-কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে ০৬টি বহুতল আবাসিক ভবন নির্মাণের পরিবর্তে ০২টি ভবন নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট ডিপিপি প্রণয়নের জন্য গত ১০/১০/২০২২ তারিখে গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। আগামী ডিসেম্বর ২০২২ এর মধ্যে ডিপিপি প্রণয়ন কাজ সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা সম্ভব হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/১২/২০২৫) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর গত ১৫/১১/২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে গত ১১-০১-২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। আগামী নভেম্বর, ২০২২ এর মধ্যে ডিপিপি প্রণয়ন কাজ সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা সম্ভব হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

**০৬। <u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমুহ</u>**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আধুনিকীকরণ (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পটি ০২/০৮/২০২২ তারিখে একনেকে অনুমোদিত হয়। প্রকল্প অনুমোদনের পত্র একনেক হতে সুরক্ষা সেবা বিভাগে প্রেরন করা হয়েছে। এ প্রকল্পের জন্য একজন প্রকল্প পরিচালক নিয়োগ/ পদায়ন প্রয়োজন। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২।সুরক্ষা সেবা বিভাগ |
| ২. | ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | পুনর্গঠিত ডিপিপি'র উপর১৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় যাচাই কমিটির সভা এবং ০৫/০৪/২০২২ তারিখে অনুষ্ঠেয় এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের নাম পরিবর্তন করে পুনর্গঠিত ডিপিপি ২০/০৭/২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়। উক্ত প্রকল্পের উপর ৩য় যাচাই কমিটির সভা গত ২৪/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্পের বাস্তবায়নকাল সংশোধনপূর্বক ডিপিপি পুনর্গঠন করে পুনরায় গত ১৬/১০/২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৩. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | পূর্বে প্রকল্পে ০৫ একর জমির সংস্থান ছিল। সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত প্রকল্পের ১০ একর জমির সংস্থান রাখা হয়েছে। প্রত্যেক বিভাগ থেকে ১০ একর জমি পাওয়া গিয়েছে। জমির ডিজিটাল সার্ভে-কে বিবেচনায় নিয়ে পুনরায় লে-আউট এবং স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গত ২৭/০৪/২০২২ তারিখে স্থাপত্য অদিপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | ১।মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২।গণপূর্ত অধিদপ্তর ৩।স্থাপত্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৪. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২২ হতে ০১/০৬/২০২৫) | উক্ত প্রকল্পের উপর গত ১২ মে ২০২২ তারিখে প্রকল্পে যাচাই কমিটির সভা হয়েছে। যাচাই কমিটির সভায় দুইটি ভবনের পরিবর্তে একটি ভবন নির্মাণ এবং উক্ত ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দুইটি ভবনের পরিবর্তে একটি ভবনের নকশা প্রণয়নের নিমিত্ত স্থাপত্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তরের খসড়া নকশার উপর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ০৪/১০/২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উক্ত প্রকল্পে ডোপটেস্টের জন্য প্রয়োজনীয় জায়গার সংস্থান রাখার ব্যাপারে আলোচনা হয় এবং সে মোতাবেক স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি কর্তৃক কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে অবস্থিত ডোপ টেস্টের জায়গা গত ১৩/১০/২০২২ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরবর্তিতে আরেকটি সভা করে নকশা চূড়ান্ত করা হবে। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>২।গণপূর্ত অধিদপ্তর<br>৩।স্থাপত্য অধিদপ্তর |

০৭। **<u>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ</u>:**

**(ক) <u>বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে জুন ২০২৮ মেয়াদে ৪৬৩৫.৯১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭৮৬.০০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬০.০৭%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'এ' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪৮০.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১১৮.৩১ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৬৫%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১.৭৯ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.৭৩%।এ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক বলেন যে, কুগলার মেশিনের মাধ্যমে প্রতিদিন গড়ে ২৫০০০ হাজার বুকলেট উৎপাদন করা সম্ভব হচ্ছে। তিনি বলেন, বিশেষায়িত কারিগরী সংরক্ষণাগার ভাড়া করার নিমিত্ত দরপত্র ১৯/০৯/২০২২ তারিখে উন্মুক্ত করা হয়েছে এবং তা বর্তমানে মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন যে, সংশোধিত খসড়া ডিপিপিতে প্রকল্পের চাহিদা মোতাবেক নতুন অর্থনৈতিক কোড সন্নিবেশ করে কতিপয় অঙ্গের সংযোজন করা হয়েছে। তিনি আশা করেন ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করে অক্টোবর/২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা সম্ভব হবে। তিনি আরো বলেন যে, Veridos GmbH কর্তৃক মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পর অক্টোবর/২২ মাসের মধ্যে নতুন প্রতিবেদনপ্রেরণ করা হবে। তিনি আরো বলেন যে, Operation Support-এর মেয়াদ বৃদ্ধিকরনের নিমিত্ত Veridos GmbH কর্তৃক প্রস্তাবনার মূল্যায়ন কমিটির প্রতিবেদন এবং Consultancy সেবা খাতে জনবল নিয়োগের বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) ডিপিপি সংশোধনে কাজ সম্পন্ন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) ই-পাসপোর্টের মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর সমস্যাবলী অক্টোবর, ২০২২-এর মধ্যে নিষ্পত্তি করে এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।;

**(খ) <u>১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ১২৮.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৬৯.৩৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪% এবং ভৌত অগ্রগতি ৭৭%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৬০.২০ কোটি টাকা ০৩/০৭/২০২২ এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৪.২২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৩.৬২%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৩.৫৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২২.৪৮%।প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের সবগুলো আঞ্চলিক পাসপোর্ট অফিসের পূর্ত কাজের মাসভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তবে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কয়েকটি আঞ্চলিক পাসপোর্ট অফিসের ভৌত অগ্রগতি কিছুটা পিছিয়ে আছে। তিনি বলেন, ঠাকুরগাঁও জেলায় মামলা জনিত কারনে পূর্ত কাজ কিছুটা পিছিয়ে আছে। তবে বর্তমানে মামলা Vacate হওয়ায় কাজের গতি বেড়েছে। তিনি বলেন যে, নাটোর আঞ্চলিক পাসপোর্ট অফিসের গ্রেট বীম ঢালাই করা হয়েছে এবং নভেম্বর/২০২২ মাসের ১ম সপ্তাহে নীচ তলার ছাদ ঢালাই করা হবে। তিনি আরো বলেন যে, বান্দরবান আঞ্চলিক পাসপোর্ট অফিসের ৩য় তলা পর্যন্ত ছাদ ঢালাই ডিসেম্বর, ২০২২ মধ্যে করা সম্ভব হবে। এ প্রকল্পের ২১/০৯/২০২২ তারিখে পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর অর্থাৎ ডিসেম্বর/২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি প্রকল্পের জেলা ভিত্তিক তথ্য সভায় উপস্থাপন করেন এবং রোড ম্যাপ অনুযায়ী প্রকল্পের কার্যক্রম জোরদার করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) প্রকল্পের সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী জেলা ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আগামী এডিপি সভায় উপস্থাপন করতে হবে;
(খ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

**(গ) <u>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:</u>**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|
| ১. | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ উত্তরায় নির্মিতব্য বহুতল ভবন (০১/১২/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি প্রণয়নের কাজ আগামী ২ (দুই) সপ্তাহের মধ্যে সম্পন্ন করা হবে। | (১)ইমিগ্রেশন ও পাসপোর্টঅধিদপ্তর (২)গণপূর্ত অধিদপ্তর (৩) স্থাপত্য অধিদপ্তর |

০৮। **কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহঃ**

**(ক) খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০২১ হতে জুন ২০২৩ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭৪.১১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬০.৪০% এবং ভৌত অগ্রগতি ৭৫%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৭৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৪.০৬ কোটি টাকা যা এডিপি বরাদ্দের১৮.৭৫%।সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১.২৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১.৬৪%। প্রকল্প পরিচালক বলেন যে, নির্দিষ্ট মেয়াদে প্রকল্পটি সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে একাধিকবার প্রকল্প এলাকা সরেজমিনে প্রদর্শন করেছেন। এ প্রকল্পের পূর্ত কাজের ৩৯টি প্যাকেজের মধ্যে ৩৪ টি প্যাকেজের টেন্ডার পূর্বে সমাপ্ত হয়ে কাজ চলমান আছে। অবশিষ্ট ৫টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজের টেন্ডার গ্রহণ করা হয়েছে। এছাড়া পূর্ত কাজের সাথে সমন্বয় করে পণ্যের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে।

**সিদ্ধান্তঃ**

(ক) নির্দিষ্ট মেয়াদে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করতে হবে;
(খ) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অবশিষ্ট আইটেমসমূহের যাবতীয় ক্রয় কার্যক্রম নভেম্বর, ২০২২-এর মধ্যে সম্পন্ন করতে হবে;

**(খ) কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২৩ মেয়াদে ৯৮.৭৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত এ প্রকল্পে ব্যয় হয়েছে ৫০.৭১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫১.৩৩% এবং ভৌত অগ্রগতি ৬০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'এ' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্তকরা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ২.৭২ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.১৩%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১.০৫ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ৭%। প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কম্পোনেন্টের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী নতুন মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি আরো বলেন, প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য প্রকল্পের অনুকূলে আরো ৩৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন।

**সিদ্ধান্ত:**

মাসভিত্তিক নতুন কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম তদারকি জোরদার করতে হবে।

**(গ) <u>ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২২ মেয়াদে ১২৭.৬১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮৩.০৫ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬৫.০৮% এবং ভৌত অগ্রগতি ৮০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪৪.০০ কোটি টাকা।প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং ২২/০৮/২০২২ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত পিইসি সভায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ২০২২ এর রেট সিডিউল অনুসারে আরডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করা হয়েছে। গণপূর্ত বিভাগ হতে ২০২২ সালের রেট সিডিউল অনুসারে পুনগর্ঠিত আরডিপিপি পাওয়া গিয়েছে। সভাপতি পুনগর্ঠিত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;

**(ঘ) <u>কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২২ মেয়াদে ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭.৩২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪.৭৫% এবং ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ০.০০ কোটি টাকা।গত অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত করার লক্ষ্যমাত্রা থাকলেও প্রকল্পের অন্যতম অঙ্গ জ্যামার ক্রয় সম্পন্ন না হওয়ায় প্রকল্প সমাপ্ত হবে না বিবেচনায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, এ প্রকল্পের আওতায় জ্যামার ক্রয় ব্যতীত এ পর্যন্ত ক্রয়/সরবরাহকৃত যন্ত্রপাতি ৩২ টি কারাগারে স্থাপন করা হয়েছে। স্থাপনকৃত যন্ত্রপাতি সংশ্লিষ্ট কারাগার কর্তৃপক্ষ কর্তৃক স্টক রেজিস্টার অন্তর্ভুক্ত করা হয়েছে।

**<u>সিদ্ধান্ত:</u>**

দ্রুততম সময়েমোবাইল জ্যামারের উপকরণ সংগ্রহ সম্পন্ন করে প্রকল্পটি সমাপ্ত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে পূর্ণ আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে।

**(ঙ) <u>পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৬০৭.৩৬ কোটি টাকা

প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৭২.৮২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১১.৯৯% এবং ভৌত অগ্রগতি ১৭%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৩৯৮.২১ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ৯৭.৮৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৫৬%। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭.৯৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ৪.৫০%।প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, প্রকল্পের আওতায় তিনটি জোন অর্থাৎ 'এ', 'বি' ও 'সি' জোনে ভাগ করে কাজ করা হচ্ছে। জোন 'বি' ও 'সি'- এর কাজ পূর্ণগতিতে চলছে। তবে জোন 'এ' এর কার্যক্রম ডিপিপি সংশোধনের পরে শুরু করা যাবে।প্রকল্পের আরডিপিপি প্রণয়ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, প্রকল্পের কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে এবং তা নিয়মিত পরিবীক্ষণ করা হচ্ছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, এ প্রকল্পের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভাপতি বলেন যে, একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী নকশা অনুমোদনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে। কারা মহাপরিদর্শক বলেন যে, প্রকল্প এলাকার প্রত্নতাত্ত্বিক আবিষ্কারের লক্ষ্যে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার খনন কার্য পরিচালনায় প্রতিবেদন পাওয়া গিয়েছে। সভাপতি পরবর্তী কারিগরী কমিটির সভায় উক্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;
(খ) প্রকল্পের সার্বিক কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে শেষ করতে হবে।

**(চ) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৬২৪.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৭.৩৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৫.৫৮% এবং ভৌত অগ্রগতি ১৯%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **'বি' ক্যাটাগরিতে** অন্তর্ভুক্তকরা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১০০.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৮.৭৫ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৭৫%।সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭.১৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৭.১৩%।প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের ডিপিপি সংশোধন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী পূর্ত কাজের ১৩টি প্যাকেজের মধ্যে ৭টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ২টি প্যাকেজের স্টিমেট সম্পন্ন হয়েছে এবং দ্রুতই টেন্ডার আহবান করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদনের পরে অবশিষ্ট ৪টি প্যাকেজের টেন্ডার আহবান করা হবে। সভাপতি বলেন, প্রকল্পের কাজ কতটা বাস্তবে হচ্ছে তা সরেজমিনে পরিদর্শন করতে হবে এবং কোন প্রকার প্রতিবন্ধকতা দেখা দিলে তা দ্রুত ঊর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) ক্রমপরিকল্পনা অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তা পরিবীক্ষণ করতে হবে;
(খ) প্রকল্পের আরডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;

(গ) বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায় প্রকল্পের অবশিষ্ট আইটেমের টেন্ডারের যাবতীয় কার্যক্রম নভেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

**(ছ) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ১০০.৬০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি (৩০.৭৭%) এবং ভৌত অগ্রগতি ৪৪%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **‘সি’ ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১২০.০০ কোটি টাকা।প্রকল্প পরিচালকবলেন যে, প্রকল্পটি ‘সি’ ক্যাটাগরিভুক্ত হওয়ায় অর্থছাড় করা সম্ভব হচ্ছে না। অর্থছাড় না হওয়ায় এ প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারিদের বেতন-ভাতা ও ঠিকাদারের চলমান কাজের বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। সভাপতি বলেন যে, প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তনের জন্য জরুরী ভিত্তিতে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;
(খ) প্রকল্পটির ক্যাটাগরি উন্নীতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে,

(জ) **জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জুলাই/২০২২ হতে জুন ২০২৩ মেয়াদে ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮.৪৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪.৪০% এবং ভৌত অগ্রগতি ৫৫%। প্রকল্পটিকে অর্থ বিভাগ কর্তৃক ০৩/০৭/২০২২ তারিখে **‘বি’ ক্যাটাগরিতে** অন্তর্ভুক্ত করা হয়েছে। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৯৫.০০ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৮.০০ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ১৮.৯৫%।সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০৫ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ০.০৫%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের ০৭ (সাতটি) প্যাকেজের মধ্যে পূর্ত কাজের ২টি প্যাকেজের (প্যাকেজ-১,প্যাকেজ-২)-এর নির্মাণকাজ চলমান রয়েছে। প্যাকেজ-৩ (বহি:গ্যাস সংযোগ), প্যাকেজ-৪ (পানি সরবরাহ) এবং প্যাকেজ-৭ (বহি:বিদ্যুতায়ন)- এর টেন্ডার মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পের অবশিষ্ট প্যাকেজ-৫, এবং প্যাকেজ-৬ (বনায়ন)- এর টেন্ডার কার্যক্রম প্রকল্পের শেষ পর্যায়ে গ্রহণ করা হবে। সভাপতি বলেন যে, প্রকল্পের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

**সিদ্ধান্ত:**

(ক) সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া নভেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে।

**(ঋ) কারা অধিদপ্তরের বরাদ্দবিহীন (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পের সর্বশেষ অগ্রগতির বিবরণ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের কারিগরী ও আর্থিক প্রস্তাব Infrastructure Investment Facilitation Company (IIFC) কর্তৃক উপস্থাপন করা হয়েছে। IIFC এর আর্থিক প্রস্তাব মূল্যায়ন কমিটির ০৪/০৯/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আর্থিক প্রস্তাবনা পুর্নবিবেচনার জন্য IIFC কর্তৃপক্ষকে ০৭/০৯/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। IIFC কর্তৃপক্ষ ১২/০৯/২০২২ তারিখে সংশোধিত আর্থিক প্রস্তাব দাখিল করেছেন। | কারা অধিদপ্তর |
| ২. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প ( ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের ডিপিপি'র উপর যাচাই কমিটির সভা ২৮/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | কারা অধিদপ্তর |
| ৩. | কেন্দ্রীয় কারা হাসপাতাল, কেরানিগঞ্জ নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের কারিগরী ও আর্থিক প্রস্তাব Infrastructure Investment Facilitation Company (IIFC) কর্তৃক উপস্থাপন করা হয়েছে। IIFC এর আর্থিক প্রস্তাব মূল্যায়ন কমিটির ০৪/০৯/২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আর্থিক প্রস্তাবনা পুর্নবিবেচনার জন্য IIFC কর্তৃপক্ষকে ০৭/০৯/২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। IIFC কর্তৃপক্ষ ১২/০৯/২০২২ তারিখে সংশোধিত আর্থিক প্রস্তাব দাখিল করেছেন। | কারা অধিদপ্তর |
| ৪. | এ্যাকসেস টু জাস্টিস থ্রু প্রিজন এন্ড পলিসি রিফর্মস প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৩) | কারিগরি সহায়তায় প্রকল্পের TAPP ভৌত অবকাঠামো বিভাগের পর্যবেক্ষণের আলোকে TAPP পুনর্গঠনের জন্য ১১/০৮/২০২২ তারিখে কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ডিপিপি পুনর্গঠনকরে অক্টোবর, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | কারা অধিদপ্তর |

অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প পরিচালকগণকে সভার সিদ্ধান্তসমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। সভাপতি প্রকল্প বাস্তবায়ন কাজের সকল পর্যায়ে সময় (তারিখ/মাসের নাম) উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প পরিচালকগন মাসভিত্তিক অগ্রগতির প্রতিবেদনে ইতোপূর্বে অনুষ্ঠিত পিএসসি সভার সংখ্যা ও তারিখ উল্লেখ করবেন। তিনি বলেন যে, উন্নয়ন প্রকল্পের যে সকল কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় এর অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.২৯৪

তারিখ: ১১ কার্তিক ১৪২৯
২৭ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৮) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
৯) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
১০) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১১) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
১২) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৩) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৫) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
১৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
১৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
২০) উপসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
২১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
২২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
২৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব